

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
৩২, বিচারপতি সৈয়দ মাহবুব মোর্শেদ সরণী
আগারগাও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭
www.nanl.gov.bd

অধিদপ্তরের ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২০২৫) স্টোর মনিটরিং প্রতিবেদন :

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের জাতীয় শূদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর কার্যক্রম ৩.৩ এর আওতায় জবাবদিহি ও স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে ২৩ জুন, ২০২৫ তারিখে অধিদপ্তরের স্টোর পরিদর্শন করা হয়। পরিদর্শন শেষে স্টোর মনিটরিং কমিটির পর্যবেক্ষণ নিম্নরূপ :

পর্যবেক্ষণ :

- (ক) টপ ফ্লোরে অবস্থিত বন্ধ সেন্ট্রাল স্টোর রুমে জানালা স্থাপন সংক্রান্ত সুপারিশ বাস্তবায়ন করা হয়েছে।
- (খ) স্টোর রুমের দেয়ালে উইপোকাকার উপদ্রব হয়েছে। স্টোরে থাকা ৪টি কার্টুন (বক্স) খোলা হলে একটি নতুন ও একটি পুরনো মোট ০২টি এসির ইনডোর এবং উইপোকাকার আক্রান্ত ব্যবহার অনুপযোগী ২টি বক্স আকৃতির ড্রয়ার পাওয়া যায়। জানালা স্থাপন ও উইপোকাকার উপদ্রবের কারণে স্টোর রুমের ফ্লোরের কিছু অংশ পরিষ্কার-পরিচ্ছন্ন পাওয়া যায়নি।
- (গ) নতুন ক্রয়কৃত ০৩ (তিন) সেট কম্পিউটার টেবিল, ০৩ (তিন) সেট স্টাফ টেবিল ও চেয়ার রয়েছে।
- (ঘ) অর্থবছর শেষ হওয়ায় স্টোরে প্রয়োজনীয় দাপ্তরিক মালামাল নেই।

সুপারিশ :


স্টোর ব্যবস্থাপনাকে গতিশীল ও স্বচ্ছ করা এবং সর্বোপরি অধিদপ্তরের সার্বিক কার্যক্রম নির্বিঘ্নে অব্যাহত রাখার স্বার্থে কমিটি নিম্নরূপ সুপারিশ করছে :

- (ক) উইপোকাকার দমনে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ এবং স্টোররুম নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার পাশাপাশি আবহাওয়ার তারতম্য অনুযায়ী অফিস সময়ে জানালা খোলা রাখা।
- (খ) ব্যবহার অনুপযোগী আসবাবপত্র ও অন্যান্য মালামাল নিলামের ব্যবস্থা গ্রহণ করা।
- (গ) নতুন ক্রয়কৃত ফার্নিচার চাহিদা মোতাবেক দ্রুত বিতরণের ব্যবস্থা গ্রহণ করা।
- (ঘ) বার্ষিক চাহিদার আলোকে সাবান, স্যাভলন, অ্যারোসল, এয়ারফ্রেশনার, ফেসিয়াল টিস্যু, টয়লেট টিস্যু, ডাস্টার, হ্যান্ডওয়াশ রিফিল, মাস্ক, হ্যান্ড-গ্লাভস, হ্যান্ড স্যানিটাইজার, অ্যাপ্রোন, দেয়াল ঘড়ি, ক্লিনিং সামগ্রী, বাঁধাইসামগ্রী, ডেস্কটপ, ল্যাপটপ, পেন ড্রাইভ, স্ট্যান্ড ও দেয়াল ফ্যানসহ প্রয়োজনীয় দ্রব্যাদি পর্যাপ্ত পরিমাণ সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করা।


২৩/৬/২০২৫
(মুহাম্মদ মুসলিম উদ্দিন)
বিবলিওগ্রাফার


ও

সদস্য-সচিব, স্টোর মনিটরিং কমিটি
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর


২৩/৬/২০২৫
(মোঃ ইলিয়াছ মিয়া)
গবেষণা কর্মকর্তা

ও

সদস্য, স্টোর মনিটরিং কমিটি
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর


২৩/৬/২০২৫
(মোঃ জামাল উদ্দিন)
চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক

ও

আহ্বায়ক, স্টোর মনিটরিং কমিটি
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর